গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কর্মসংস্থান শাখা

টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-এর বাস্তবায়ন বিষয়ক কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ড. মোল্লা জালাল উদ্দিন<br>অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ০৪ নভেম্বর ২০২০ |
| সভার সময় | বিকাল ০৩.০০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই সভাপতি এসডিজি বাস্তবায়ন সরকারের একটি জাতীয় অগ্রাধিকার হিসেবে উল্লেখ করে সভার গুরুত্ব তুলে ধরেন। তিনি উপস্থিত সকলের সক্রিয় অংশগ্রহণ প্রত্যাশা করেন এবং আলোচনা শুরু করার জন্য মন্ত্রণালয়ের উপসচিব ও এসডিজি ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব শরীফ মোঃ ফরহাদ হোসেন-কে অনুরোধ জানান।

০২। এসডিজি ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভার পটভূমি ও উদ্দেশ্য সম্পর্কে সকলকে অবহিত করেন। তিনি উল্লেখ করেন যে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের এসডিজি বাস্তবায়নের লক্ষ্যে গঠিত কমিটি দায়িত্ব পালন করছে। পাশাপাশি মন্ত্রণালয়ের ৪ জন কর্মকর্তাকে ৫ টি ইন্ডিকেটরের বিষয়ে সুনির্দিষ্ট দায়িত্ব প্রদান করা হয়েছে। এসডিজি বাস্তবায়ন কমিটির গত ০৬-১০-২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। গত সভার সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে এসডিজি কর্ণারে সকল গুরুত্বপূর্ণ ডকুমেন্টস আপলোড করা হয়েছে যা প্রতিনিয়ত হালনাগাদ করা হচ্ছে। মন্ত্রণালয়ের ন্যায় আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাকেও নিজ নিজ ওয়েবসাইটে এসডিজি কর্ণার সংযোজন করার বিষয়ে জানতে চাওয়া হলে শ্রম অধিদপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, নিম্নতম মজুরী বোর্ড, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন ও কেন্দ্রীয় তহবিলের প্রতিনিধিগণ জানান ইতোমধ্যে তাদের স্ব-স্ব ওয়েবসাইটে এসডিজি কর্ণার সংযোজন করা হয়েছে। শ্রম আপীল ট্রাইব্যুনালের প্রতিনিধি না থাকায় এ বিষয়ে অগ্রগতি জানা যায়নি। পর্যালোচনায় দেখা যায়, গত সভার সকল সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক।

০৩। তিনি সভাকে আরও অবহিত করেন যে, টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-এর আওতায় ১৭টি অভীষ্ট, ১৬৯ টি টার্গেট এবং ২৩১ টি ইন্ডিকেটর রয়েছে। এসডিজি'র ১৬৯ টি টার্গেটের মধ্য থেকে ৩টি টার্গেটের (৮.৫, ৮.৭, ৮.৮) বিষয়ে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় লিড মন্ত্রণালয় হিসেবে কাজ করছে। এ ৩টি টার্গেটের বিপরীতে মোট ৫টি ইন্ডিকেটর (৮.৫.১, ৮.৫.২, ৮.৭.১, ৮.৮.১, ৮.৮.২) রয়েছে। তাছাড়া এসডিজি ট্র্যাকারে ডাটা প্রদানকারী হিসেবে মন্ত্রণালয়ের ২টি ইন্ডিকেটর (৮.৮.২ ও ৮.বি.১) এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের মন্ত্রণালয়ের ২টি ইন্ডিকেটর (৩.৯.১ ও ৮.৮.১) উল্লেখ রয়েছে। তিনি সভাকে অবহিত করেন যে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের টার্গেটসমূহ অর্জনের লক্ষ্যে একটি অনুমোদিত কর্মপরিকল্পনা রয়েছে; যা এসডিজি বাস্তবায়ন সংক্রান্ত জাতীয় কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত রয়েছে। অনুমোদিত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রমসমূহের বাস্তবায়ন নিশ্চিতকরণের বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন। এসডিজি বাস্তবায়নের বিষয়টি লক্ষ্য রেখে নতুন প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে সভাপতি মহোদয় একমত পোষণ করেন। এসডিজি বাস্তবায়নাধীন কর্মকর্তা, এসডিজি বাস্তবায়নকারী সংস্থা, তত্ত্বাবধায়ক প্রতিনিধিদের নিয়ে কর্মশালা আয়োজনের বিষয়ে আলোচনা করা প্রয়োজন। এ পর্যায়ে উপস্থাপনার উপর বিস্তারিত আলোচনার জন্য সভাপতি সকলকে আহবান জানান। উপস্থিত সকলেই সক্রিয়ভাবে আলোচনায় অংশগ্রহণ করেন।

০৪। এসডিজি ট্র্যাকারে ডাটা প্রদানকারী হিসেবে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ২টি ইন্ডিকেটর (৮.৮.২ ও ৮.বি.১)-এর বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে উপসচিব (কর্মসংস্থান) বলেন যে, ইন্ডিকেটর ৮.৮.২-তে শ্রম অধিকারের জন্য আইএলও গাইডলাইন এবং জাতীয় আইন কতটুকু বাস্তবায়ন করা যাচ্ছে সে বিষয়টি উল্লেখ করা হয়েছে। এর সাথে শ্রম অধিদপ্তরের সংশ্লিষ্টতা থাকতে পারে। তাছাড়া ইন্ডিকেটর ৮.বি.১-এ যুব কর্মসংস্থানের জন্য একটি স্বতন্ত্র কৌশল অথবা জাতীয় কর্মসংস্থান কৌশল প্রণয়ন করতে বলা হয়েছে। ইতোমধ্যে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় ‘জাতীয় কর্মসংস্থান কৌশলপত্র’-এর খসড়া প্রণয়ন করা হয়েছে। ‘জাতীয় কর্মসংস্থান কৌশলপত্র’ চূড়ান্ত করে এ ইন্ডিকেটর বাস্তবায়ন করা সম্ভব হবে। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ২টি ইন্ডিকেটর (৩.৯.১ ও ৮.৮.১)-এর বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হলে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রতিনিধি জানান, বর্তমানে ৭টি প্রকল্প চলমান রয়েছে তার মধ্যে ইন্ডিকেটর ৮.৮.১ বাস্তবায়নের জন্য ২টি প্রকল্প সংশ্লিষ্ট। “জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপন” শীর্ষক প্রকল্পের অগ্রগতি ৮৪ শতাংশ এবং “তৈরি পোশাক ও চামড়া শিল্পে নিয়োজিত শ্রমিকদের জন্য কর্মক্ষেত্রে দুর্ঘটনা স্কিম” প্রকল্পের অগ্রগতি ৭৪.১২ শতাংশ। ইন্ডিকেটর ৩.৯.১ বাস্তবায়নের জন্য জেলা পর্যায়ে পত্র প্রেরণের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়েছে। তিনি জানান এ ইন্ডিকেটরের ধরণ অনুযায়ী ডাটা প্রদানের মূল দায়িত্ব হচ্ছে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার।

০৫। ৩টি টার্গেটের বিপরীতে মোট ৫টি ইন্ডিকেটর (৮.৫.১, ৮.৫.২, ৮.৭.১, ৮.৮.১, ৮.৮.২) সম্পর্কে দায়িত্বপ্রাপ্ত অধিদপ্তর/সংস্থার কাছে বাস্তবায়ন অগ্রগতি কমিটির সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হলে শ্রম অধিদপ্তরের প্রতিনিধি জানান ডাটা প্রদানের জন্য তাঁদের সংশ্লিষ্ট কোন ইন্ডিকেটর নেই। ইন্ডিকেটর ৮.৫.১ বাস্তবায়নের জন্য ১টি প্রকল্প চলমান রয়েছে যার ভৌত অগ্রগতি ৮২ শতাংশ এবং আর্থিক অগ্রগতি ৮৫ শতাংশ। ইন্ডিকেটর ৮.৮.২ বাস্তবায়নের জন্য আইএলও ও শ্রম অধিদপ্তর যৌথভাবে কাজ করছে। প্রকল্প গ্রহণের লক্ষ্যে ডিপিপি অনুমোদনের কাজ চলমান রয়েছে। ডিপিপি অনুমোদিত হলে আইএলও-এর

সহায়তায় ৪১০টি ফ্যাক্টরিতে শ্রমিকদের প্রশিক্ষণ প্রদান করা হবে। উপসচিব (কর্মসংস্থান) জানান, ইন্ডিকেটর ৮.৮.২ ৩য় টায়ার থেকে ২য় টায়ারে নিয়ে আসা হয়েছে বিধায় এর ডাটা এন্ট্রির ক্ষেত্রে শতকরা হারে নিয়ে আসতে হবে। ডাটা প্রদানের জন্য জাতিসংঘ কর্তৃক প্রণীত একটি ফরম ও একটি গাইডেন্স দেওয়া হয়েছে যাতে সুনির্দিষ্টভাবে বিষয়টি উল্লেখ রয়েছে। ইন্ডিকেটর ৮.৫.২ এবং ৮.৮.১-এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সিনিয়র সহকারী সচিব (শ্রম) সভাকে জানান যে, তিনি সদ্য এই শাখার দায়িত্ব প্রাপ্ত হয়েছেন। পরবর্তী সভায় সকল বিষয়টি পর্যালোচনা করে মতামত পেশ করবেন। শ্রম অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক, আবদুল লতিফ খান বলেন, এসডিজি টার্গেট ৮.৫.২ বাস্তবায়নের জন্য শ্রম অধিদপ্তরের আওতায় পরিচালিত শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর-কে 'ব¾বন্ধু ন্যাশনাল শ্রম একাডেমি' নামকরণ করে আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত করা যেতে পারে। তাছাড়া খুলনা, রাজশাহী ও চট্টগ্রাম জেলায় অবস্থিত ৩টি শিল্প সম্পর্ক শিক্ষায়তনের মান উন্নয়নের কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত প্রকল্পসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। গৃহীত প্রকল্পসমূহের সুনির্দিষ্ট অগ্রগতি প্রতিবেদন পরবর্তী সভার পূর্বে প্রদান করার জন্য অনুরোধ জানানো হয়। তাছাড়া সংশ্লিষ্ট সকলকে নিয়ে কর্মশালার মাধ্যমে মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা বাস্তবায়ন পর্যালোচনা করা প্রয়োজন। কর্মশালা আয়োজনের সকল বিষয় উপস্থাপনের জন্য সিনিয়র সহকারী সচিব (কর্মসংস্থান)-কে অনুরোধ করেন।

০৬। সিনিয়র সহকারী সচিব (কর্মসংস্থান), শাকেরা আহমেদ সভাকে জানান যে, এসডিজি বাস্তবায়ন ও এসডিজি ট্র্যাকারে ডাটা প্রদান এবং আরোও বিষয়াদি আলোচনার জন্য ২টি পৃথক কর্মশালা আয়োজন করা যেতে পারে। কর্মশালা আয়োজনের তারিখ, ভেন্যু, বাজেট, প্রধান অতিথি, বিশেষ অতিথি, আলোচক, আপ্যায়ন ও অন্যান্য আনুষাঙ্গিক বিষয়াদি আলোচনা করা প্রয়োজন। তিনি বলেন, কর্মশালার জন্য একটি উন্নত ভেন্যু নির্ধারন করা যায়। সভাপতি বলেন, ২টি পৃথক কর্মশালা আয়োজন করা যুক্তিযুক্ত। কর্মশালা বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়ের উপসচিব (কর্মসংস্থান)-কে আহবায়ক করে এসডিজি বাস্তবায়ন টিমের ১জন করে সদস্য নিয়ে একটি কমিটি গঠন করা যেতে পারে।

০৭। সভাপতি সংশ্লিষ্ট সকলকে এসডিজি বাস্তবায়ন বিষয়টিকে গুরুত্বসহকারে বিবেচনা করে রিপোর্ট রিটার্ন এবং তথ্য উপাত্তসমূহ যথাসময়ে প্রেরণের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি জানান, নভেম্বর মাসে এসডিজি বাস্তবায়ন বিষয়ক এবং এসডিজি ট্র্যাকারে ডাটা প্রদানের বিষয়ে ২টি ভিন্ন ভিন্ন কর্মশালা/প্রশিক্ষণ সচিব মহোদয়ের সাথে আলোচনাপূর্বক আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিনি কর্মশালা সফল করতে প্রস্তুতি গ্রহণ করার জন্য সকলকে অনুরোধ করেন। তিনি প্রেরিত ফরমসমূহ যথাযথভাবে পূরণপূর্বক ইন্ডিকেটর ভিত্তিক মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে সমন্বয়ের অনুরোধ জানান। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রম | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|
| ১. | মন্ত্রণালয়ের ন্যায় অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের গুরুত্বপূর্ণ ডকুমেন্টস এসডিজি কর্ণারে নিয়মিত আপলোড করতে হবে। | কর্মসংস্থান শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহ |
| ২. | কর্মশালা বাস্তবায়নের জন্য একটি কমিটি গঠন করতে হবে। | কর্মসংস্থান শাখা |
| ৩. | এসডিজি টার্গেট ৮.৫.২ বাস্তবায়নের জন্য শ্রম অধিদপ্তরের আওতায় পরিচালিত শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, খুলনা, রাজশাহী ও চট্টগ্রাম-এর উন্নয়নের কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। | শ্রম অধিদপ্তর |
| ৪. | এসডিজি বাস্তবায়ন বিষয়ক দিনব্যাপি একটি কর্মশালা দ্রুত আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | এতদ্‌বিষয়ে গঠিতব্য কমিটি |
| ৫. | এসডিজি ট্র্যাকারে ডাটা প্রদানের বিষয়ে দিনব্যাপি একটি কর্মশালা দ্রুত আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | এতদ্‌বিষয়ে গঠিতব্য কমিটি |
| ৬. | কমিটির পরবর্তী সভা আগামী ০৭-১২-২০২০ তারিখ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় আহবান করতে হবে। | কর্মসংস্থান শাখা<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |

০৮। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. মোল্লা জালাল উদ্দিন
অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০৩৫.৯৯.০০২.২০.৫০

তারিখ: ২৪ কার্তিক ১৪২৭
০৯ নভেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
২) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর
৩) চেয়ারম্যান, শ্রম আপীল ট্রাইব্যুনাল
৪) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন
৫) মহাপরিচালক, কেন্দ্রীয় তহবিল

৬) যুগ্মসচিব, আর্ন্তজাতিক সংস্থা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৭) উপ-সচিব, কর্মসংস্থান অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৮) উপসচিব, পরিকল্পনা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৯) উপ-সচিব, রপ্তানীমূখী শিল্প অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১০) উপসচিব, মজুরী বোর্ড শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১১) সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), শ্রম শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১২) সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা-১ শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১৩) সিনিয়র সহকারী সচিব, আর্ন্তজাতিক সংস্থা শাখা-৩ , শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১৪) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১৫) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার , আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১৬) সচিব, সচিব এর দপ্তর, নিম্নতম মজুরী বোর্ড

শাকেরা আহমেদ
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কর্মসংস্থান শাখা
www.mole.gov.bd

"টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)" বিষয়ক কমিটির ৪র্থ সভা

সভার তারিখ: ০৪/১১/২০২০
সময়: বিকাল ০৩.০০ ঘটিকা
সভার স্থান: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৪২২, ভবন-০৭)

| ক্রম | নাম,পদবী ও অফিস | ই-মেইল ও মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | আব্দুল লতিফ খান<br>অতিরিক্ত মহাপরিচালক,<br>শ্রম অধিদপ্তর। | 01712145837<br>adg@dol.gov.bd | 08/11/2020 |
| ২. | সাহানা জামান<br>উপসচিব<br>MoLE | 01615489913<br>Szaman.dsmopt@gmail.com | 08/11/2020 |
| ৩. | ড. অশোক কুমার বিশ্বাস<br>সিনিয়র সহকারী সচিব<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | 01712717352<br>drabiswas71@gmail.com | 8/11/2020 |
| ৪. | | | |
| ৫. | মো. [illegible] আলম<br>সহকারী পরিচালক<br>শ্রম অধিদপ্তর | 01712141825<br>ma_zahid@yahoo.com | 08/11/2020 |

| ক্রম | নাম,পদবী ও অফিস | ই-মেইল ও মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| ৬. | SK. Assaduzzaman AIG (Safety), DIFE / Head office | asadzaman.dife@gmail.com 01712-203596 | [signature] 4.11.20 |
| ৭. | Monuar Hossen Statistics and Research officer, DIFE | monuar@dife.gov.bd 01734-568548 | [signature] 4.11.2020 |
| ৮. | TAMMIN HAQUE AIG (Safety) DIFE / HQ | tammin.dife@gmail.com | [signature] 04.11.2020 |
| ৯. | সুব্রত নাথ সচিব, নিম্নতম মজুরী বোর্ড | subratanath061979@gmail.com 01790366827 | [signature] 04.11.2020 |
| ১০. | Md. Bashir Ahammed Statistical Assistant Minimum Wages Board | bashirmwb@yahoo.com 01945293410 | [signature] 04.11.2020 |
| ১১. | Magfurul Awwal Miraz Assistant Director Central Fund | mrzzawal@gmail.com 01776480285 | [signature] 04.11.20. |
| ১২. | Tasnova Ahmed Anam Assistant Director BLWF | anamad2018@gmail.com 01755954226 | [signature] 04.11.2020 |

| ক্রম | নাম,পদবী ও অফিস | ই-মেইল ও মোবাইল নং | স্বাক্ষর |
| --- | --- | --- | --- |
| ১৩. | খাদিজা বেগম<br>উপ-পরিচালক<br>বা: প্র: এ. এম | Kbegum7449@gmail.com. | [signature]<br>০৪.১১.২০২০ |
| ১৪. | নিয়ামত উল্লাহ<br>অফিস সহকারী<br>বা: প্র: ক: কা: | Neyamat11@gmail.com | Neyamat<br>4.11.2020 |
| ১৫. | | | |
| ১৬. | | | |
| ১৭. | | | |
| ১৮. | | | |
| ১৯. | | | |
| ২০. | | | |